

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

শেরপুর

প্রশ্ন ১) শক্তিশালি একটি পাসওয়ার্ড সকল অ্যাকাউন্টে ব্যবহার করলে সেগুলো নিরাপদ হবে কিনা ?

উত্তরঃ ভিন্ন ভিন্ন অ্যাকাউন্টে একই পাসওয়ার্ড ব্যবহার করলে একটি অ্যাকাউন্ট হ্যাক হলে অন্যান্য অ্যাকাউন্ট হ্যাক হবার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে ভিন্ন ভিন্ন অ্যাকাউন্টে ভিন্ন ভিন্ন পাসওয়ার্ড ব্যবহার করা উত্তম।

প্রশ্ন ২) অননুমোদিতভাবে ছবি তুলে ফেসবুকে দিলে তার প্রতিকার কী ?

উত্তরঃ অননুমোদিতভাবে ছবি তুলে ফেসবুকে দিলে ডিজিটাল নিরাপত্তা আইনের ২৬ ধারা অনুযায়ী একটি আমলযোগ্য অপরাধ হবে। সুতরাং ডিজিটাল নিরাপত্তা আইনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

যদি কোনো ব্যক্তি আইনগত কর্তৃত্ব ব্যতিরেকে অপর কোনো ব্যক্তির পরিচিতি তথ্য সংগ্রহ, বিক্রয়, দখল, সরবরাহ বা ব্যবহার করেন, তা হলে উক্ত ব্যক্তির অনুরূপ কাজ হবে একটি অপরাধ।

যদি কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তা হলে উক্ত ব্যক্তি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন।

উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তা হলে উক্ত ব্যক্তি অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ডে বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবে

প্রশ্ন ৩) ফেসবুক আইডি হ্যাক হলে কিভাবে উদ্ধার করা যাবে ?

উত্তরঃ আপনার ফেসবুক আইডি হ্যাক হওয়া মাত্রই নিম্নলিখিত পদক্ষেপ নিতে পারেন।

১. প্রথমে <http://www.facebook.com/hacked> লিঙ্কে প্রবেশ করুন।

২. এরপর “My account is compromised” বাটনে ক্লিক করুন। হ্যাক হওয়া অ্যাকাউন্টের তথ্য চাওয়া হলে সেখানে উল্লেখ করা দুটি অপশনের (ইমেইল বা ফোন নম্বর) যে কোনো একটির ইনফরমেশন দিন।

৩. প্রদত্ত তথ্য সঠিক হলে প্রকৃত অ্যাকাউন্টটি দেখাবে এবং আপনার বর্তমান অথবা পুরাতন পাসওয়ার্ড চাইবে। এখানে আপনার পুরাতন পাসওয়ার্ডটি দিয়ে কন্টিনিউ করুন।

৪. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস পরিবর্তন না করে থাকে তবে আপনার ইমেইলে রিকভারি অপশন পাঠানো হবে। এর মাধ্যমে অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

৫. হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস, ফোন নম্বরসহ লগইন করার জন্য প্রয়োজনীয় তথ্য পরিবর্তন করে থাকে তবে Need another way to authentication? -> Submit a request to Facebook এ ক্লিক করলে ফেসবুক প্রোফাইলটি উদ্ধারের জন্য প্রয়োজনীয় তথ্য ও আইডি সরবরাহের ফর্ম পূরণের মাধ্যমে হ্যাকড অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

সোশ্যাল মিডিয়া হ্যাকিংয়ের শিকার হলে আপনি স্বশরীরেও সিআইডির সাইবার পুলিশ সেন্টারে গিয়ে অভিযোগ জানাতে পারেন। সর্বোপরি ফেসবুক হ্যাক হলে যত দূর সম্ভব নিকটস্থ থানা পুলিশকে অবহিত করুন।

আইনগত প্রতিকারঃ ডিজিটাল নিরাপত্তা আইনের ৩৪ ধারা অনুযায়ী হ্যাকিং একটি আমলযোগ্য অপরাধ। সুতরাং ডিজিটাল নিরাপত্তা আইনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

যদি কোনো ব্যক্তি হ্যাকিং করেন, তাহ হলে সেটা হবে একটি অপরাধ এবং উক্ত ব্যক্তি অনধিক ১৪ (চৌদ্দ) বৎসর কারাদণ্ডে বা অনধিক ১ (এক) কোটি টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

উল্লিখিত অপরাধ দ্বিতীয় বার বা পুনঃপুন সংঘটন করেন, তা হলে তিনি যাবজ্জীবন কারাদণ্ডে বা অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।